


<b>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড</b> <b>Bangladesh Water Development Board</b>		
প্রধান প্রকৌশলীর দপ্তর ডিজাইন, পানি ভবন, লেভেল-৩, ব্লক-‘বি’, গ্রীন রোড, বাপাউবো, ঢাকা। ফোন : ০২২২২২৩০৩০০ ই-মেইল: ce.design.wdb@gmail.com		Office of the Chief Engineer, Design, Pani Bhaban, Level-3, Block-‘B’, Green Road, BWDB, Dhaka. Telephone: 02222230300 E-mail: ce.design.wdb@gmail.com

স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০

তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ

### “সার্কুলার”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্পের অধীনে ইতোমধ্যে ১৬,৪৪৩ কি.মি. বাঁধ নির্মাণ করা হয়েছে এবং কোনো কোনো প্রকল্পের আওতায় নতুন বাঁধ নির্মাণ চলমান আছে। সমস্ত বিভিন্ন প্রকল্পের আওতায় বিভিন্ন সময়ে ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামত করা হয়ে থাকে। এছাড়া বন্যা কালীন সময়ে জরুরী কাজ হিসাবে ব্রীচ ক্রোজিং ও বুকিপূর্ণ বাঁধ মেরামত করা হয়। বর্ণিত বাঁধ সমূহের স্থায়ীত্ব বৃদ্ধি ও বৃক্ষরোপণ কর্মসূচীকে জোরদার করার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবেঃ

১। বাপাউবো এর বনায়ন নীতিমালা এর সাথে সমন্বয় রেখে বিদ্যমান বা নতুন বাঁধের টো বরাবর বনজ ও ফলজ বড় বৃক্ষ ছাড়াও সৌন্দর্যবর্ধন গাছ হিসাবে পলাশ, কৃষ্ণচূড়া, শিমুল ইত্যাদি গাছ রোপণ করতে হবে।

২। বাঁধ এর উভয় স্লোপে উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্কিং এর বাইরে ভেটিভার, নেপিয়ান, হোগলা, ছন ও অন্যান্য মাটি ক্ষয়রোধকারী ঘাস লাগাতে হবে।

৩। বাঁধের এলাইনমেন্টের বাইরে বে তৈরী করে প্রয়োজন অনুযায়ী ছায়া প্রদানকারী বৃক্ষ যেমন বটবৃক্ষ ইত্যাদি গাছ রোপণ করা যেতে পারে।

৪। বৃক্ষরোপণ কর্মসূচী এর অংশ হিসাবে বাঁধের টো বরাবর অন্যান্য বড় গাছ রোপণের পাশাপাশি ১ কি.মি হতে ২ কি.মি পরপর পাখি খায় এমন ফল প্রদানকারী কয়েকটি বৃক্ষরোপণ করা যেতে পারে।

৫। ড্রেজিংকৃত বালি/পলি দ্বারা ভরাটকৃত স্থান/প্লাটফর্ম এ উপযোগিতা অনুযায়ী বৃক্ষরোপণ করতে হবে এবং এর চারদিকের স্লোপ উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্কিং এর বাইরে নেপিয়ান, ভেটিভার, হোগলা, ছন বা অন্যান্য ঘাস দ্বারা সংরক্ষণ করতে হবে।

৬। ছোট নদী, খাল খননকৃত মাটি দ্বারা ভরাটকৃত জায়গা বা প্লাটফর্ম এর চারদিকে স্লোপে উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্কিং এর বাইরে নেপিয়ান, ভেটিভার, হোগলা, ছন বা অন্যান্য ঘাস লাগাতে হবে এবং উক্ত জায়গায় বৃক্ষরোপণ করতে হবে।


৭। খননকৃত ছোট নদী/খাল এর তীরে উপযোগিতা অনুযায়ী নারিকেল, তাল, সুপারি, খেজুর ইত্যাদি জাতের গাছ রোপণ করতে হবে। এছাড়াও স্থানের উপযোগিতা অনুযায়ী পাখি খায় এমন ফল প্রদানকারী বৃক্ষ, বনজ, ফলজ ও সৌন্দর্যবর্ধনকারী গাছ রোপণ করতে হবে।

৮। হাওর এলাকার ডুবন্ত বাঁধের উভয় স্লোপে হিজল, করচসহ অন্যান্য উপযোগি গাছ রোপণ করতে হবে। বজ্রপাত হতে রক্ষার জন্য বাঁধ এবং অন্যান্য উঁচু জায়গায় তাল গাছ রোপণ করতে হবে। বাঁধ এর স্লোপে প্রচলিত ঘাসের টার্কিং এর বাইরে ভেটিভার, নেপিয়ান ছাড়াও উপযোগিতা অনুযায়ী অন্যান্য ঘাস লাগাতে হবে।

৯। উপকূলীয় অঞ্চলের জন্য বাঁধের স্লোপে লবন সহিষ্ণু ঘাস ছাড়াও উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্কিং এর বাইরে নেপিয়ার, ডেটিভার ও অন্যান্য ঘাস লাগাতে হবে। উপকূলীয় বাঁধের সমুদ্রের দিকে অথবা নদীর দিকে ম্যানগ্রোভ বৃক্ষ ছাড়াও অন্যান্য উপযোগি বৃক্ষ রোপণ করতে হবে।

১০। উপরে বর্ণিত স্থান সমূহ ছাড়াও বাপাউবো এর অধীনে অধিগ্রহণকৃত বিভিন্ন অব্যবহৃত জমি, রেগুলেটর এর নিকটবর্তী স্থান, কলোনী ইত্যাদি স্থানে সৌন্দর্যবর্ধন বৃক্ষ সহ অন্যান্য বৃক্ষরোপণ করতে হবে।

মহাপরিচালক মহোদয় এর অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।


  
(মোঃ এনায়েত উল্লাহ)  
প্রধান প্রকৌশলী

স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০

তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী,.....বাপাউবো,.....।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, .....বাপাউবো,.....।
- ৩। সি এস ও টু, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেক্টর, <sup>সফটওয়্যার</sup> চীফ মনিটরিং এর দপ্তর বাপাউবো, ঢাকা (সার্কুলার টি বাপাউবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। নির্বাহী প্রকৌশলী, .....বাপাউবো,.....।
- ৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ৭। অফিস কপি।

  
(মানস কুমার সাহা)

উপ-পরিচালক (প্রশাসন)  
প্রধান প্রকৌশলীর দপ্তর, ডিজাইন  
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ২২৭ ◆ তারিখঃ ২/৩/২২  
স্মারক নং ১/২ ◆ জরুরী  
সহকারী সিস্টেম এনালিস্ট ১/২/৫/৪ ◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন  
নেটওয়ার্ক প্রকৌশলী ◆ নথিতে পেশ করুন  
অফিস সহকারী ◆ নথিতে রাখুন  
০৩/০৬/২০২২ ◆ তাগিদ পর দিন  
সিস্টেম এনালিস্ট  
চীফ মনিটরিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা